# Certified Supervision Specialist (CSS)

# Prospectus 2024 ($1^{st}$ Batch)

**Bangladesh Bank Training Academy**

**Mirpur 2, Dhaka-1216**

# Certified Supervision Specialist (CSS) কোর্স

## ১. ভূমিকা:

বাংলাদেশ ব্যাংকে নিযুক্ত কর্মকর্তাদের সুপারভিশন কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধি এবং সুপারভিশন সংশ্লিষ্ট বিভাগসমূহের কাজের উৎকর্ষ সাধনে, বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি ০৩ মাস (৬৫ কর্মদিবস) মেয়াদী "Certified Supervision Specialist (CSS)" শীর্ষক একটি Certification Course চালু করতে যাচ্ছে। উল্লেখ্য, আর্থিক খাতের পরামর্শক প্রতিষ্ঠান Agriculture and Finance Consultants (AFC), Germany ও বাংলাদেশ ব্যাংকের মধ্যে সম্পাদিত চুক্তির ভিত্তিতে AFC কর্তৃক একটি "Supervisors' Accreditation Program" চালু করার সুপারিশ করা হয়। উক্ত সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমিতে "Certified Bank Examiner (CBE)" শীর্ষক একটি Certification Course চালু করার প্রস্তাব করা হয়। আলোচ্য কোর্স বাস্তবায়নের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের Strategic Goal-07: "Improve organizational efficiency and effectiveness of the Human Resources by ensuring professional excellence and high ethical standard" এর আওতায় Objective 7.2(c) এ অন্তর্ভুক্ত রয়েছে। এতদ্‌প্রেক্ষিতে ৩১/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত Senior Management Team (SMT) সভায় Certified Bank Examiner (CBE) নামক সার্টিফিকেশন কোর্সটি **"Certified Supervision Specialist (CSS)"** নামে শুরু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## ২. কোর্স ডিজাইন:

Certified Supervision Specialist (CSS) শীর্ষক কোর্সটির মেয়াদ হবে তিন মাস (৬৫ কর্মদিবস)। এ কোর্সটি বিবিটিএ-তে একটি নিয়মিত প্রফেশনাল কোর্স হিসেবে আয়োজন করা হবে। মোট **১১**টি মডিউলের সমন্বয়ে কোর্সটি **২**টি ধাপে (Part-1 ও Part-2) সম্পন্ন করা হবে। Part-1 এ ৫টি এবং Part-2 এ ৬টি Module থাকবে। মডিউলের ক্লাসসমূহ মূলত: বিবিটিএ এর ক্লাসরুমে অনুষ্ঠিত হবে। মডিউলসমূহের নাম ও মেয়াদ নিম্নে দেয়া হলোঃ

| **Part-1** | | **Duration (Working Days)** | |
|---|---|---|---|
| | | **Module** | **Cumulative** |
| **Module 101:** | Financial System, Laws and Regulations | 6 | 6 |
| **Module 102:** | Principles and Methods of Off-Site Supervision | 6 | 12 |
| **Module 103:** | Foreign Exchange Policies and Regulations | 6 | 18 |
| **Module 104:** | General Banking and AML-CFT Standards | 5 | 23 |
| **Module 105:** | Techniques of System-Based Inspection | 6 | 29 |
| **Viva-Voce for Part-1** | | 1 | 30 |

| **Part-2** | | **Duration (Working Days)** | |
|---|---|---|---|
| | | **Module** | **Cumulative** |
| **Module 201:** | Financial Reporting and Risk Analysis | 6 | 6 |
| **Module 202:** | Core Risk Management and Corporate Governance | 6 | 12 |
| **Module 203:** | ICT in Banking and Digital Financial Services | 5 | 17 |
| **Module 204:** | Islamic Banking and Sustainable Finance | 6 | 23 |
| **Module 205:** | Case Study and Report writing | 6 | 29 |
| **Module 206:** | Risk Based Supervision | 5 | 34 |
| **Viva-Voce for Part-2** | | 1 | 35 |

## ৩. কোর্স সম্পর্কিত বিশেষ তথ্যাদি:

৩.১ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় ও অফিসসমূহে কর্মরত জেনারেল সাইডের উপ পরিচালক, যুগ্ম পরিচালক ও অতিরিক্ত পরিচালক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ CSS কোর্সে আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন।

৩.২ কোর্সটিতে প্রশিক্ষণার্থী সংখ্যা প্রতি ব্যাচে কমপক্ষে ২০ জন এবং সর্বোচ্চ ৩০ জনে সীমাবদ্ধ থাকবে। বিবিটিএ এর একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী প্রতি বছর এক বা একাধিকবার কোর্সটি আয়োজন করা হবে।

৩.৩ CSS প্রোগ্রামের Part-1 সফলভাবে সম্পন্নকারী কর্মকর্তাগণ Part-2 -এ অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। Part-1 সফলভাবে সম্পন্নকারী কর্মকর্তাগণকে অব্যবহিত পরে অনুষ্ঠেয় Part-2 এ অংশগ্রহণ করতে হবে। Part-1 সফলভাবে সম্পন্নকারী কোন কর্মকর্তা অনিবার্য কারণবশত অব্যবহিত পরে অনুষ্ঠেয় Part-2 এ অংশগ্রহণ করতে না পারলে পরবর্তীতে অন্য কোন ব্যাচের সাথে Part-2 এ অংশগ্রহণ করার সুযোগ পেতে পারেন। তবে এক্ষেত্রে সর্বোচ্চ ৩ বছর সময়ের মধ্যে পরবর্তী ধাপে অংশগ্রহণের জন্য আবেদন করতে হবে এবং আবেদনের ক্ষেত্রে প্রথম পর্যায়ে প্রার্থীর অংশগ্রহণ না করতে পারার কারণ, কোর্সের সম্ভাব্য আসন সংখ্যা ও আবেদনকারীর মেধাস্কোর ইত্যাদি বিষয়াদির নিরিখে যাচাই করে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

৩.৪ কোর্সে মডিউলসমূহের লিখিত পরীক্ষায় অকৃতকার্য হলে শর্ত সাপেক্ষে Retake পরীক্ষা দেয়ার সুযোগ থাকবে।

৩.৫ CSS প্রোগ্রামের জন্য মনোনীত কোন কর্মকর্তা উচ্চতর পদে পদোন্নতি পেলেও তিনি প্রোগ্রামে অংশগ্রহণ চলমান রাখতে পারবেন।

৩.৬ CSS প্রোগ্রামটি মূলতঃ অনাবাসিক হবে। তবে, প্রধান কার্যালয়, মতিঝিল অফিস এবং সদরঘাট অফিস ব্যতীত অন্যান্য অফিস হতে নির্বাচিত কর্মকর্তাগণ বিবিটিএ এর হোস্টেল সুবিধা প্রাপ্য হবেন। এছাড়া, ঢাকাস্থ অফিস হতে নির্বাচিত কোন কর্মকর্তা(গণ) এর হোস্টেল সুবিধার প্রয়োজন হলে কক্ষ খালি থাকা সাপেক্ষে এ সুবিধা প্রাপ্য হবেন।

## ৪. প্রশিক্ষণার্থী নির্বাচন:

৪.১ কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুক কর্মকর্তাগণ বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি বরাবর নির্ধারিত ফর্মে আবেদন করবেন।

৪.২ প্রশিক্ষণার্থী নির্বাচনের লক্ষ্যে বিবিটিএ কর্তৃক একটি বাছাই পরীক্ষার আয়োজন করা হবে।

৪.৩ বাছাই পরীক্ষাটি মূলতঃ বিবিটিএ-তে অনুষ্ঠিত হবে। তবে, আবেদনকারীর সংখ্যা বিবেচনায় বা বিশেষ প্রয়োজনে ঢাকার বাইরের অফিসগুলিতেও একই দিনে অভিন্ন প্রশ্নে বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে।

৪.৪ বাছাই পরীক্ষার মানবন্টন হবে নিম্নরূপ:

| প্রশ্নের ধরন | প্রশ্নের শতকরা হার |
|---|---|
| বহুনির্বাচনী প্রশ্ন (MCQ type questions) | ৩০% |
| ছোট প্রশ্ন (Short notes type questions) | ৩০% |
| বিশ্লেষণধর্মী প্রশ্ন (Analytical & Mathematical questions) | ৪০% |
| মোট নম্বর | ১০০% |

৪.৫ বাছাই পরীক্ষার প্রশ্নে আর্থিক খাত, ব্যাংক সুপারভিশন, মুদ্রানীতি ও রাজস্বনীতি, সমসাময়িক অর্থনীতি ও বাণিজ্য, ইংরেজী দক্ষতা এবং গাণিতিক বিষয় অন্তর্ভুক্ত থাকবে। বিশ্লেষণধর্মী এবং গাণিতিক প্রশ্নে পরীক্ষার্থীর Analytical এবং Writing Ability যাচাই করা হবে ।

## ৫. কোর্সের মডিউল ভিত্তিক পরীক্ষার মূল্যায়ন প্রক্রিয়া ও পরীক্ষা পদ্ধতি:

৫.১ CSS কোর্সটির প্রতিটি মডিউলে ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। Part-1 এ ৫টি মডিউলের মোট ৫০০ (১০০x৫) নম্বরকে ৮০% নম্বরে এবং Part-2 এ ৬টি মডিউলের মোট ৬০০ (১০০x৬) নম্বরকে ৮০% নম্বরে রূপান্তর করা হবে। অবশিষ্ট ২০% নম্বর মৌখিক পরীক্ষা (Viva-Voce) এর জন্য বরাদ্দ থাকবে। Part-1 এবং Part-2 এর সমন্বিত নম্বর বন্টন নিম্নরূপ:

| Level | Module Examination | Viva voce | Total |
|---|---|---|---|
| **Part-1** | 80% | 20% | **100%** |
| **Part-2** | 80% | 20% | **100%** |

৫.২ মডিউল ভিত্তিক ১০০ নম্বরের পরীক্ষায় একটি চূড়ান্ত লিখিত পরীক্ষার নম্বরের পাশাপাশি Quiz, Assignment, Case Study, Group Presentation এর জন্যও নম্বর বরাদ্দ থাকবে ।

৫.৩ Viva-Voce এর ক্ষেত্রে বিবিটিএ এর দায়িত্বপ্রাপ্ত ডেপুটি গভর্নর মহোদয়ের নেতৃত্বে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি বোর্ড গঠন করা হবে।

৫.৪ Part-1 ও Part-2 এর প্রতি মডিউলের পাস নম্বর হবে ৬০ শতাংশ। এছাড়া কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে প্রত্যেক ধাপের Viva-Voce তে ৬০ শতাংশ নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হবে।

৫.৫ CSS কোর্সের প্রতিটি মডিউলে ৮০ শতাংশ বা এর অধিক নম্বর অর্জনকারী প্রশিক্ষণার্থী Distinction প্রাপ্ত হবেন।

৬. **প্রশিক্ষক/রিসোর্স পার্সন:**

৬.১ বাংলাদেশ ব্যাংকের সুপারভিশন সংক্রান্ত বিভাগসহ অন্যান্য বিভাগে কর্মরত যুগ্ম পরিচালক ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ, বিবিটিএ এর অনুষদ সদস্যবৃন্দ ও রিসোর্স পার্সন।

৬.২ বাংলাদেশ ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের অভিজ্ঞ বর্তমান ও সাবেক কর্মকর্তাবৃন্দ, CSS সনদপ্রাপ্ত বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাবৃন্দ।

৬.৩ প্রফেশনাল ডিগ্রিধারীগণ (যথা: CA, CMA, CFA ও সমতুল্য ডিগ্রি), বিষয় সংশ্লিষ্ট ট্রেনিং ইনস্টিটিউটসমূহের অনুষদ সদস্যবৃন্দ (সাবেক ও বর্তমান)।

৬.৪ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ (সাবেক ও বর্তমান) এবং পদস্থ সরকারি কর্মকর্তাগণ (সাবেক ও বর্তমান)।

৭. **সার্টিফিকেশন:**

৭.১ প্রথম পর্ব (Part-1) এবং দ্বিতীয় পর্ব (Part-2) সফলভাবে সম্পন্নকারী কর্মকর্তাগণকে Certified Supervision Specialist হিসেবে Certificate প্রদান করা হবে এবং কর্মকর্তার অফিসস্থ ব্যাক্তিগত ফাইলে সংরক্ষণের নিমিত্তে Certificate এর কপি হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-এ প্রেরণ করা হবে।

৭.২ প্রথম পর্ব (Part-1) সফলভাবে সম্পন্নকারী কর্মকর্তাকে তার আবেদনের প্রেক্ষিতে Part-1 এর জন্য Certificate of Completion প্রদান করা হবে।

৮. **প্রশিক্ষণ সংক্রান্ত ভাতা:**

৮.১ আলোচ্য কোর্সটিতে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বাংলাদেশ ব্যাংকের প্রচলিত বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।

৮.২ অনাবাসিক প্রশিক্ষণার্থীগণ দৈনিক যাতায়াত ভাতাও প্রাপ্য হবেন।

৯. **প্রণোদনা:**

৯.১ CSS কোর্স সম্পন্নকারী কর্মকর্তাদের মধ্যে সফলভাবে সম্পন্নকারী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী কর্মকর্তাগণকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পদক প্রদানের ব্যবস্থা রাখা হবে।

৯.২ এছাড়া, CSS Certificate প্রাপ্ত কর্মকর্তাগণকে Bank Supervision বিষয়ে আন্তর্জাতিক অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হতে পারে।